# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০১

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনেযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

১.▶ রণিত পরিবারের একমাত্র ছেলে। ব্যবসায়ী বাবার অনেক সম্পত্তির কারণে পরিশ্রম ছাড়াই সে সবকিছু পেতে চায়। এ কারণেই এস.এস.সি. পরীক্ষায় সে বারবার ফেল করছে। শেষ পর্যন্ত বন্ধু মনিরের ভালো রেজাল্ট তাকে উদ্বুদ্ধ করে যে, পরিশ্রম করে পড়ালেখা ছাড়া পাস করা সম্ভব নয়।

ক. আমাদের কাব্য সম্পর্কে লেখকের মত কী? ১

খ. বেগম রোকেয়া ধনবৃদ্ধির উপায় বলতে কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকের সাথে 'নিরীহ বাঙালি' প্রবন্ধের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিশ্রম সাফল্যের চাবিকাঠি— 'নিরীহ বাঙালি' প্রবন্ধ ও উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২.▶



ক. কে হাঁক পাড়ছে? ১

খ. দুর্গা প্রায়ই বাড়ির বাইরে থাকে কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'আম আঁটির ভেঁপু' রচনার সাদৃশ্য আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের চিত্র 'আম আঁটির ভেঁপু' রচনার দারিদ্র্যের আংশিক বিষয়ে প্রতিনিধিত্ব করে— বিশ্লেষণ কর। ৪

৩.▶ তুমি আসবে বলে, হে স্বাধীনতা
সকিনা বিবির কপাল ভাঙলো
সিঁথির সিঁদুর মুছে গেল হরিদাসীর
তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা

http://teachingbd.com

ক. জেনারেল নিয়াজী কত হাজার সৈন্যসহ আত্মসমর্পণ করেছিল? ১

খ. দলে দলে লোক রাস্তায় 'জয়বাংলা' ধ্বনি তুলে বের হওয়ার কারণ কী? ২

গ. উদ্দীপকের সাথে 'একাত্তরের দিনগুলির' সাদৃশ্য বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. 'একাত্তরের দিনগুলির' লেখিকার প্রিয়জনদের হারাবার পরিস্থিতি উদ্দীপকের সাথে একই সূত্রে গাঁথা— বিশ্লেষণ কর। ৪

## খ অংশ — পদ্য

৪. ▶ "পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও
তার মতে সুখ কোথাও কি আছে
আপনার কথা ভুলিয়া যাও।
আপনারে লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনী পরে
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।"

ক. 'ভুখারি' শব্দের অর্থ কী? ১

খ. মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহিয়ান কেন? ২

গ. উদ্দীপকের সাথে কবিতার কবির উপলব্ধির কী কী মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক ও 'মানুষ' কবিতার মূলসুর এক ও অভিন্ন'— মূল্যায়ন কর। ৪

৫. ▶ বাংলা আমার আমি বাংলার
বাংলা আমার জন্মভূমি
বহিছে যাহার চরণ চুমি
বাংলার তরু বাংলার ফল
বাংলার পুষ্প বাংলার কমল
মাঠে ঘাটে পথে তটিনী সৈকতে
যে দেখে সে আপনহারা

Teachingbd.com

ক. কবি তার স্বদেশে থাকেন কোন নিয়মে? ১

খ. 'আমি কোনো অভ্যাগত নই'— পঙ্‌ক্তি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মূলভাব এবং 'আমি কোনো আগন্তুক নই' কবিতার মূলভাব একসূত্রে গাঁথা— বিশ্লেষণ কর। ৪

**৬.▶** নিঝুম রাত। স্বামীহারা রাবেয়া বেগম মেয়ে মনিরাকে নিয়ে গভীর ঘুমে কাতর। হঠাৎ দরজায় কড়া নাড়ার শব্দ। জেগে ওঠে মা-মেয়ে। প্রচণ্ড শব্দে দরজা ভেঙে যায়। ওরা চিৎকার করে। ঘরে ঢোকে চারজন পাঠান সৈনিক। ওরা কাঁদতে ভুলে যায়। ভয়ে ঠোঁট নীল হয়ে যায়। তারপর অনেকক্ষণ রাতে বাতাসে গগণবিদারী চিৎকার। এক সময় স্তব্ধ হয়ে যায়। সকালে দেখা যায় মা-মেয়ের রক্তাক্ত লাশ।

ক. বাঙালি কি জাতি? ১

খ. 'তোমাদের রক্তাক্ত হাত' বলতে কী বুঝিয়েছেন? ২


গ. উদ্দীপকে 'সাহসী জননী বাংলা' কবিতার কোন ভাবটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি যে নির্মম ঘটনার প্রকাশ পেয়েছে 'সাহসী জননী বাংলা' কবিতায় সে নির্মমতার প্রতিশোধ নিতে দেখা যায়"— বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

## গ অংশ — সহপাঠ

**৭.▶**



ক. বুধা কাকে জিলিপি খেতে দেয়? ১

খ. রাতের বেলা এরা বাঙ্কারে হাউই বাজি দেখবে কেন? ২

গ. উপরের চিত্রের সঙ্গ 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উপরের চিত্র এবং বুধার জীবনের মূলসুর একইসূত্রে গ্রথিত— বিশ্লেষণ কর। ৪

৮.▶ আঠারো বছরের টগবগে তরুণ রাজীবের পকেটে গ্রেনেড। মিলিটারি ক্যাম্প থেকে চিৎকার আসে বাতাসে ভেসে। ছটফট করে রাজীব। একসময় সুযোগ আসে, পৌঁছে যায় রাজীব ক্যাম্পের একবারে কাছে। বারুদের গন্ধ আসে, গ্রেনেডের পিনটা খোলে, এক, দুই, তিন --- উড়ে যায় গ্রেনেড, একবারে মাঝখানে।

ক. কুন্তি শাপলা তুলে এনেছে কেন? ১

খ. আহাদ মুন্সি বুধাকে সন্দেহ করবে না কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রাজীব ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা উভয়েই দেশপ্রেমিক— বিশ্লেষণ কর। ৪

৯.▶ গ্রামের রক্ষাকবজ বাঁধটি যখন বন্যায় ভেসে যায় তখন বন্যার ঢল থেকে গ্রাম ও ফসল রক্ষাকারী সেই বাঁধ রক্ষা করার জন্য গ্রামে ধর্মবিশ্বাসী রহিম মুন্সির নেতৃত্বে গ্রামবাসীরা একজন পীর নিয়ে এসেছে। পীরকে ভেট দেওয়ার জন্য চাঁদা তোলা হচ্ছে। জ্যোতি মাস্টার এই ব্যাপারটার বিরোধিতা করলে রহিম মুন্সি তাকে তওবা করতে বলে এবং পীরের বিরোধিতা করলে সে পরিবারসহ বিপদে পড়বে বলে ভয় দেখায়। শুনে জ্যোতি মাস্টার হাসে।

ক. ছেফাত শব্দের অর্থ কী? ১

খ. পীর সাহেব এখন এবাদত করতে বসেনি কেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে বহিপীর নাটকের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রসঙ্গ ভিন্ন হলেও উদ্দীপকের রহিম মুন্সির পীর ভক্তি এবং বহিপীর নাটকের খোদেজার পীর ভক্তি একসূত্রে গাঁথা— বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা প্রথম পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'সে এখন হচ্ছে না'— একথার দ্বারা কী বোঝানো হয়েছে?
ক পণের টাকা আদায়ের তাগাদা
খ নিরূপমার সাথে সাক্ষাত না হওয়া
গ নিরূপমার বাপের বাড়ি যাওয়া প্রত্যাখ্যাত হওয়া
ঘ জামাই-ষষ্ঠীর নিমন্ত্রণ রক্ষা না করা

২. রামসুন্দর মিত্রের বাড়ি বিক্রয় স্থগিত হলো, কেননা—
i. ছেলেরা জানিতে পারে
ii. সকলে এসে কেঁদে পড়ে
iii. পুত্রদের আপত্তি অত্যন্ত গুরুতর
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
ভাষার সমৃদ্ধি নির্ভর করে শব্দভাণ্ডারের ওপর। যে ভাষার শব্দসংখ্যা যত বেশি ও বৈচিত্র্যময় সে ভাষা তত উন্নত এবং তাতে ভাষার প্রকাশক্ষমতা বাড়ে।

৩. উদ্দীপকের সাথে 'বাঙলা শব্দ' রচনার কোন বিষয়ের মিল রয়েছে?
ক ভাষার প্রধান উপাদান শব্দ
খ গঠন প্রকৃতি অনুসারে বাংলা শব্দ
গ অর্থগতভাবে শব্দের প্রকারভেদ
ঘ শব্দগত বৈচিত্র্য

৪. উদ্দীপক ও 'বাঙলা শব্দ' রচনা আলোচনায় বলা যায় অন্য ভাষার শব্দসমূহ বাংলা ভাষায় এসে কী করেছে?
ক বাংলা ভাষার শব্দভাণ্ডারকে সমৃদ্ধ করেছে
খ বাংলা ভাষার নিজস্ব বৈশিষ্ট্য হারিয়ে ফেলেছে
গ অন্যান্য ভাষার শব্দ বাংলা ভাষার ওপর আধিপত্য বিস্তার করেছে
ঘ উপরের সবগুলো

**উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
রবিন সাহেব একটি লাইব্রেরি গড়ে তোলেন। কারণ তিনি মনে করেন যথার্থ শিক্ষিত হতে হলে জ্ঞানের প্রসারতা দরকার— যা পাঠ্যাভ্যাসের মাধ্যমেই কেবল সম্ভব।

৫. উদ্দীপকটি 'বই পড়া' প্রবন্ধের যে বিষয়ের সাথে সম্পর্কযুক্ত—
i. বই পড়ার প্রয়োজনীয়তা
ii. লাইব্রেরির গুরুত্ব
iii. স্কুল কলেজের সংখ্যা
নিচের কোনটি সঠিক?
ক i খ iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. 'বই পড়া' প্রবন্ধের যে দিকটি উদ্দীপকে প্রকাশিত হয়েছে—
i. সাহিত্যের সার্থকতা
ii. লাইব্রেরির গুরুত্ব
iii. সাহিত্যের চর্চা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. 'সে সোজা কথা নয়' বলতে কী বোঝানো হয়েছে?
ক ছেলের হাতের আগুন
খ পরীক্ষায় পাস
গ ছেলের কাছে শেষ বয়সে নিশ্চিন্তে থাকা
ঘ স্বামী, পুত্র নিয়ে সুখের সংসার করা

৮. 'ধুকধুকি' শব্দের অর্থ হিসেবে কোনটি সমর্থনযোগ্য?
ক পায়ের নূপুর খ লকেট
গ কোমরে বিছা ঘ মাথার টুপি

৯. মমতাদির দেহাবয়ব ও পরিচ্ছদের বর্ণনায় কী ফুটে উঠেছে?
ক রাঁধুনীর বেশ খ চাকরি প্রার্থিনীর অবস্থা
গ মধ্যবিত্তের মূর্তি ঘ দারিদ্র্যের ক্লেশ

১০. স্বাস্থ্যরক্ষায় যত্নবান হওয়া অপেক্ষা কোনটি সহজ?
ক গাড়ি চালানো খ বাড়ি তৈরি
গ মাছ ধরা ঘ স্বাস্থ্য নষ্ট করা

১১. 'নিরীহ বাঙালি' প্রবন্ধটি সবাই বুঝতে পারলে কী হবে?
ক সমাজের উন্নতি খ পারস্পরিক সমঝোতা
গ ন্যায়বান হবে ঘ সবার উপকার হবে

১২. 'আম আঁটির ভেঁপু' গল্পটি কীসের আখ্যান নিয়ে রচিত হয়েছে?
ক গ্রামীণ জীবনে প্রকৃতিঘনিষ্ঠ দুই ভাই-বোন
খ জাত প্রথা
গ শুধু প্রকৃতি
ঘ শৈশবকালীন চাঞ্চল্য

১৩. হযরত মুহম্মদ (স.)-এর জীবনব্যবস্থা ছিল—
ক জাঁকজমকপূর্ণ খ সাদাসিধে
গ আভিজাত্য ঘ ঐশ্বর্যমণ্ডিত

১৪. নিমগাছের উপকারী রূপ বর্ণনায় লেখক আসলে কী প্রকাশ করেছেন?
ক গৃহিণীর গুণ
খ গৃহকর্তার গুণ
গ ছেলেমেয়েদের গুণ
ঘ সংসারে বৃদ্ধদের গুণ

১৫. মহাত্মা গান্ধীর সাথে ভারতবাসীর সম্পর্ক ছিল—
ক ঘোড়ার গাড়িতে চড়তে দেওয়ার
খ মাথায় রাজমুকুট পরার
গ কলের তৈরি কাপড় পরার
ঘ প্রাণ খুলে মিশবার

**উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
ঘরে দাউ দাউ করে আগুন লাগলো। এ অবস্থায় ঘুমন্ত সন্তানের কথা ভেবে সবার নিষেধ সত্ত্বেও আয়েশা বিপদের মধ্যে ছেলেকে বাঁচাতে এগিয়ে যান।

http://teachingbd.com

১৬. উদ্দীপকের আয়েশার সাথে 'আমার সন্তান' কবিতার কার সাদৃশ্য রয়েছে?
ⓚ অন্নপূর্ণা ⓚ ভবানন্দ
ⓖ ঈশ্বরী পাটুনী ⓖ হরিহর

১৭. উদ্দীপকের আয়েশা ও 'আমার সন্তান' কবিতার ঈশ্বরী পাটুনীর কোন রূপ প্রকাশিত?
ⓚ স্বার্থপর মা ⓚ কর্মজীবী নারী
ⓖ মমতাময়ী মা ⓖ বিমাতা

১৮. 'দুগ্ধ স্রোতোরূপী তুমি জন্মভূমি স্তনে— এখানে 'দুগ্ধ স্রোতোরূপী' বলতে বোঝানো হয়েছে—
ⓚ নিজ দেশ ⓚ নিজ গ্রাম
ⓖ নিজ গ্রামের নদী ⓖ নিজ ভাষা

১৯. ঝর্ণা একলা গান করে, ধেয়ে চলে কখন?
ⓚ দিবস ⓚ রাত
ⓖ সাঁজ ⓖ উপরের সবগুলো

**উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**

"আজ ক্ষুধাতুর শিশু চায় না স্বরাজ চায় দুটো ভাত একটু নুন
বেলা বয়ে যায় খায়নিকো বাছা কচি পেটে তার জ্বলে আগুন।"

২০. উদ্দীপকের শিশুর সাথে 'মানুষ' কবিতার মুসাফিরের মিল কোথায়?
ⓚ খাবার না পেয়ে দুজনেই কাঁদতে শুরু করেছে
ⓚ দুজনেই ক্ষুধার্ত
ⓖ খাবার চাই বলে আন্দোলন করছে
ⓖ দারিদ্র্য

২১. উদ্দীপকের ও 'মানুষ' কবিতা আলোচনায় যা বোঝা যায়—
i. মানুষের পেটের ক্ষুধা আগে নিবৃত্তি করা উচিত
ii. পেটের ক্ষুধা নিবৃত্তি না হলে কোনো কাজই সফল হবে না
iii. স্বপনে দেবতাকে দেখলে অনেক ধনরত্ন পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ iii

২২. প্রকৃতির কী কখনো শেষ হয় না?
ⓚ বিচিত্র গন্ধ ⓚ মৃদুমন্দ কোলাহল
ⓖ অফুরন্ত সৌন্দর্য ⓖ উপরের সবগুলো

২৩. 'পল্লিজননী' কবিতায় নিবু নিবু দীপকে কার সাথে তুলনা করা হয়েছে?
ⓚ তেল ফুরিয়ে আসার
ⓚ মায়ের ঘুমিয়ে পড়ার
ⓖ রুগ্ন ছেলের আয়ুর
ⓖ রাত শেষে ভোর হওয়ার

২৪. 'আমি কোন অভ্যাগত নই'— বলতে এখানে কী বোঝানো হয়েছে?
ⓚ স্বদেশকে
ⓚ বাঁশ বাগানকে
ⓖ পুবের পুকুরকে
ⓖ তারার নিচের জমিনকে

২৫. শামসুর রাহমানের মাতার নাম কী?
ⓚ আয়েশা খাতুন ⓚ খাদিজা বেগম
ⓖ আমেনা খাতুন ⓖ আসমা বেগম

২৬. থুত্থুড়ো বুড়োর চোখের নিচে কী?
ⓚ ঝুলে পড়া চামড়া
ⓚ রাত জাগা কালো দাগ
ⓖ অপরাহ্নের দুর্বল ঝিলিক
ⓖ শোকের অশ্রুধারা

২৭. 'প্রেমাংশুর রক্ত চাই'— কোন ধরনের গ্রন্থ?
ⓚ উপন্যাস ⓚ কাব্যগ্রন্থ
ⓖ ছোটগল্প ⓖ শিশুতোষ

২৮. 'ভবঘুরে' বলতে কাদের বোঝানো হয়েছে?
ⓚ পাগলদের ⓚ ভিক্ষুকদের
ⓖ পশুদের ⓖ বেকারদের

২৯. 'নীলকমলেরা' কারা?
ⓚ প্রহরীরা ⓚ সাহসীরা
ⓖ হৃদয়বান ব্যক্তিগণ ⓖ মুক্তিযোদ্ধাগণ

৩০. 'হাত' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓚ কর ⓚ বাহু
ⓖ পাণি ⓖ উপরের সবগুলো

৩১. বুধার কয় ভাইবোন?
ⓚ ৩ জন ⓚ ৪ জন
ⓖ ৫ জন ⓖ ৬ জন

৩২. চঞ্চু কথার অর্থ কী?
ⓚ পা ⓚ পাখা
ⓖ ঠোঁট ⓖ কান

৩৩. সেলিনা হোসেনের বাড়ি কোথায়?
ⓚ ঢাকায় ⓚ রাজশাহী
ⓖ খুলনা ⓖ বগুড়া

৩৪. 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রধান চরিত্র কে?
ⓚ বুধা ⓚ কুন্তি
ⓖ আহাদ মুন্সি ⓖ ফুলকলি

৩৫. মুড়ি ভাজে কে?
ⓚ নোলক বুয়া ⓚ আতা ফুফু
ⓖ হরিকাকু ⓖ হাশেম মিয়া

৩৬. নাটক কীসের একটি বিশেষ শাখা?
ⓚ শিল্প ⓚ সাহিত্য
ⓖ দর্শন ⓖ সংগীত

৩৭. হাতেম আলির কোথায় জমিদারি আছে?
ⓚ ডেমরা ⓚ রেশমপুর
ⓖ নবাবপুর ⓖ পীরপুর

৩৮. জমিদারের ছেলেমেয়ে কতজন?
ⓚ এক ⓚ দুই
ⓖ তিন ⓖ চার

৩৯. 'লেবাস'— শব্দের অর্থ কী?
ⓚ পোশাক ⓚ মুখোশ
ⓖ আচরণ ⓖ নির্দেশিকা

৪০. 'বিয়ে হলো তগদিরের কথা'— উক্তিটি কার?
ⓚ তাহেরার ⓚ সংমার
ⓖ খোদেজার ⓖ বহিপীরের

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com